# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | 1 | 1 | 1 |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট — মান– ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সুমাইয়া ও সামিয়া দুই বান্ধবী। সোনারগাঁয়ে বেড়াতে যাবে বলে দুজনেই দিন-তারিখ ঠিক করে। সুমাইয়া নির্দিষ্ট তারিখে প্রস্তুতি নিয়ে সামিয়ার অপেক্ষায় থাকে। কিন্তু সামিয়া তার বাবার কাছ থেকে টিফিন, কাগজ ও কলমের অজুহাত দিয়ে বেশকিছু টাকা নিয়ে আদিবার সাথে মার্কেটে ঘুরতে চলে যায়। পরদিন সামিয়ার সাথে সুমাইয়ার দেখা হয়। সুমাইয়া বিষয়টি উত্থাপন করলে উভয়ের মধ্যে কথা কাটাকাটি হয় এবং উভয়ই মনঃক্ষুণ্ন হয়।

ক. মুনাফিকের চিহ্ন কয়টি? ১
খ. তাকদিরে বিশ্বাস বলতে কী বোঝায়? ২
গ. সামিয়ার আচরণে কী প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সুমাইয়ার কার্যক্রমের ফলাফল পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৪

২ ▶ আবদুর রহমান আখিরাতের ভয়ে নিয়মিত সালাত আদায় করে। ইমাম সাহেবের খুতবায় ইমান ও আখিরাতের বর্ণনা শুনে জাহান্নামের ভয়ে সে বিচলিত হয় এবং তার চোখে পানি আসে। সে গরিব। তার আয়-রোজগারের কথা জিজ্ঞাসা করলে সে বলে, "আলহামদু লিল্লাহ আমি ভালো আছি। আল্লাহ আমাকে যা দিয়েছেন আমি তাতে সন্তুষ্ট।"

ক. ইমান শব্দটির অর্থ কী? ১
খ. ইসলামে আখিরাতের প্রতি ইমানের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. আবদুর রহমান আল্লাহর প্রতি সন্তুষ্ট–এ থেকে আমরা কী শিক্ষালাভ করতে পারি? ৩
ঘ. আবদুর রহমান একজন প্রকৃত মুমিন–মূল্যায়ন কর। ৪

৩ ▶ নেছার সাহেব ব্যবসা করে প্রচুর সম্পত্তির মালিক হয়েছেন। তিনি দুই এক বছর পরপরই হজব্রত পালন করেন। কিন্তু তিনি তার গরিব ভাই-বোন ও সমাজের দরিদ্র-অসহায় লোকদের সাথে সম্পর্ক রাখেন না। এ নিয়ে সমাজে চলছে নানা ধরনের কথাবার্তা। এসব কথাবার্তা তাঁর চাচা আব্দুল করিমের কানে এলে, তিনি নেছারকে বললেন, 'সমাজে ধনী-গরিবের বৈষম্য ভুলে গিয়ে সবার প্রতি সদয় হও।'

ক. 'ইহরাম' শব্দের অর্থ কী? ১
খ. 'বায়তুল্লাহর হজ আল্লাহর প্রাপ্য।' বুঝিয়ে লেখ। ২
গ. নেছার সাহেবের কার্যক্রমে কার আদেশ যথাযথভাবে পালন হয়নি – ব্যাখ্যা কর। ৩
ঘ. আব্দুল করিম সাহেবের মানসিকতা হজের সামাজিক ও সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গিতে মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

৪ ▶ লোকমান সাহেব নিসাব পরিমাণ সম্পদের মালিক। তার এক প্রতিবেশী যাকাতের টাকা চাইলে, তিনি আগামী রমযান মাসে আসতে বলেন। রমযান মাস আসলে বলেন, এখনও হিসাব করি নি। ইতোমধ্যে তিনি সিডরে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন কাজে প্রচুর টাকাপয়সা ব্যয় করেন। প্রসঙ্গক্রমে তার বাবা তাকে বলেন, "যাকাত গরিবের হক। নির্ধারিত সময়ে হিসাব করে যাকাত আদায় করতে হয়। পবিত্র কুরআনে আছে, তাঁদের (ধনীদের) ধন-সম্পদে অবশ্যই দরিদ্র ও বঞ্চিতদের অধিকার রয়েছে।"

ক. যাকাত শব্দের অর্থ কী? ১

খ. নিসাব বলতে কী বোঝ? সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. লোকমান সাহেবের পুনর্বাসন কাজে আর্থিক সহায়তায় যাকাত আদায় হয়েছে কি? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধনীদের সম্পদে অবশ্যই দরিদ্র ও বঞ্চিতদের অধিকার আছে– বিশ্লেষণ কর। ৪

৫ ▶ তাসিন ও তাসনিম দুই বন্ধু। তারা উভয়েই রমযান মাসের শেষ বিশ দিন ইবাদতে ব্রতী হওয়ার সংকল্প করেন। ফলে তাসিন রমযানের বিশ তারিখ হতে নিকটবর্তী মসজিদে ইতিকাফের মাধ্যমে ইবাদত-বন্দেগিতে রত থাকেন। অপরপক্ষে তাসনিম ইতিকাফে যোগদান না করলেও কুরআন খতম করার মানসিকতা নিয়ে প্রতি রাতে তাড়াতাড়ি ও অস্পষ্টভাবে কুরআন তিলাওয়াত করেন।

ক. আন্-নুর শব্দের অর্থ কী? ১

খ. 'আযিযুন আলাইহি' বাক্যটি ইযহারের দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা কর। ২

গ. তাসনিমের কুরআন তিলাওয়াতে শরিয়তের কোন বিধানটি লঙ্ঘিত হয়েছে? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তাসিন রমযানের শেষ দশ দিনের বিশেষ পদ্ধতিতে ইবাদত করার মূল রহস্য সূরা আল-কাদরের আলোকে বিশ্লেষণ কর। ৪

৬ ▶ আবির স্কুলে পড়াশুনা করে। এবার সপ্তম শ্রেণি থেকে অষ্টম শ্রেণিতে উঠল। পড়াশুনার পাশাপাশি নিয়মিত নামায পড়ে, কুরআন পড়ে। বিভিন্ন ছোটবড় সূরাগুলো অর্থসহ বুঝে পড়ার চেষ্টা করে। পাড়ার অন্যান্য ছেলেদের কুরআন পড়তে উৎসাহিত করে। তারই বন্ধু রহিম কুরআনের সূরাগুলো সম্পর্কে জানতে চাইল। আবির বলল, কুরআনের সূরাগুলোকে দুভাবে বিভক্ত করা হয়েছে। এছাড়া এসব সূরাগুলোর মধ্যে তাওহিদ, রিসালাতসহ ইত্যাদি বিষয় আলোকপাত করা হয়েছে। রহিম বন্ধুর মনোমুগ্ধকর আলোচনা শুনে খুবই অভিভূত হয়।

ক. আল-ফুরকান শব্দের অর্থ কী? ১

খ. আল-কুরআনের নামকরণের কারণ ব্যাখ্যা কর। ২

গ. আবিরের ব্যবহারিক জীবনে কুরআন কীরূপ প্রভাব ফেলছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আবিরের ব্যবহারিক জীবনে কুরআন তিলাওয়াতের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রায়হান সাহেব কক্সবাজারের একজন বিশিষ্ট শিক্ষানুরাগী ও সমাজসেবক। তিনি একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিচালক। উক্ত বিশ্ববিদ্যালয়টিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে রায়হান সাহেবের বন্ধু আব্বাস সাহেবের স্ত্রী প্রভাষক

পদে আবেদন করেন। পরে রায়হান সাহেবের অনুরোধক্রমে আব্বাস সাহেবের স্ত্রী উক্ত পদে নিয়োগ লাভ করলে আব্বাস সাহেব সস্ত্রীক রায়হান সাহেবের বাসায় হাজির হয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং একটি স্বর্ণের চিংড়ি মাছ সদৃশ শো-পিছ উপহার হিসেবে প্রদান করেন। একদা রায়হান সাহেবের ছোট মেয়ের বান্ধবী আবিদা বেড়াতে এসে না বলে উক্ত শো-পিছটি নিয়ে যায়।

ক. হযরত আদম (আ)-এর মর্যাদা দেখে কে ঈর্ষান্বিত হয়েছিল? ১

খ. হিংসার একটি সামাজিক কুফল ব্যাখ্যা কর। ২

গ. রায়হান সাহেবের দ্বিতীয় কাজটি আখলাকে যামিমার কোন কাজের অন্তর্ভুক্ত? পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আবিদার কাজটির পরিণাম বিশ্লেষণ কর। ৪

৮ ▶ মুরাদ সাহেব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। তিনি এলাকায় অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। শিক্ষকদের উন্নত প্রশিক্ষণ ও বিশেষ ভাতা প্রদানের ব্যবস্থা করেন। গরিব মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তির ব্যবস্থা করেন। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত তার ছেলে মুবীন শীতকালীন ছুটিতে বাড়িতে এসে বাবার কর্মক্রমে খুশি হয়। একদিন সকালে ড্রয়িংরুমে বসে সে পত্রিকা পড়ছিল। হঠাৎ একই গ্রামের ছেলে তারিক এসে অভিযোগ করল যে, নয়নের গাভী তার ধানের ফসল নষ্ট করেছে। তখন তার বাবার অনুপস্থিতিতে উভয়ের বক্তব্য শুনে সিদ্ধান্ত দিল যে, শস্যখেত পূর্বাবস্থায় ফিরে আসা পর্যন্ত তারিক নয়নের গাভীর দুধ ভোগ করবে। উভয় পক্ষ এ সিদ্ধান্তে খুশি হলো। তার পিতাও তাকে ধন্যবাদ জানাল।

ক. হযরত সুলায়মান (আ.)-এর পিতার নাম কী? ১

খ. মু'জিজা বলতে কী বোঝায়? ২

গ. মুরাদ সাহেবের কর্মকাণ্ডে কোন মনীষীর আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মুবীনের বিচক্ষণতা হযরত সুলায়মান (আ.)-এর জীবনাদর্শের আলোকে বর্ণনা কর। ৪

৯ ▶ আদনান 'প্রাণীদের ভাষা বুঝবার চেষ্টা' শিরোনামে পত্রিকার একটি সংবাদ নিয়ে শফিকের সাথে আলোচনা করছিল। আনোয়ারও এ আলোচনায় যোগ দিল। আনোয়ার বলল, আল্লাহ তাআলা সুলায়মান (আ.)-কে পশুপাখি, কীটপতঙ্গ, জীবজন্তুর ভাষা বুঝবার জ্ঞানদান করেছিলেন। আল্লাহ তাআলা তাঁকে নবুওয়্যাত ও রাজত্ব উভয় দান করেন। রাজত্ব করার সুবিধার জন্য সুলায়মান (আ.) হাওয়াই সিংহাসন লাভ করেছিলেন এবং কিছুসংখ্যক জিন ও শয়তানকে তাঁর বশীভূত করে দিয়েছিলেন।

ক. সুলায়মান (আ.) কখন নবুওয়্যাত লাভ করেন? ১

খ. সুলায়মান (আ.)-কে হাওয়াই সিংহাসন প্রদান করা হয়েছিল কেন? ২

গ. বিজ্ঞানীদের পশুপাখির ভাষা বোঝার চেষ্টা কতটা সফল হতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "রাজত্ব করার সুবিধার জন্য সুলায়মান (আ.) হাওয়াই সিংহাসন লাভ করেছিলেন এবং কিছুসংখ্যক জিন ও শয়তানকে তাঁর বশীভূত করে দিয়েছিলেন।"– উদ্দীপকের এ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

১০। মনসুর সাহেব ও ইকবাল সাহেব একই অফিসে চাকরি করেন। ইকবাল সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। অফিসের সবার সাথেই তিনি ভদ্রভাবে কথা বলেন। একদিন মনসুর সাহেব তার অধীনস্থ কর্মচারী রাশেদকে এক গ্লাস পানি ও ফাইল আনতে বলেন। রাশেদ আসতে দেরি করায় মনসুর সাহেব তার সাথে অশ্লীল ভাষা ব্যবহার করেন। বিষয়টি অফিসের উর্ধ্বতন কর্মকর্তা জানতে পেরে বলেন, 'মুমিন ব্যক্তির আচরণ এরূপ হতে পারে না।'

ক. জান্নাতের স্তর কয়টি? ১

খ. জাহান্নামের শাস্তির ধরন কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. মনসুর সাহেবের আচরণটি কিসের পরিপন্থী? ব্যাখ্যা কর। ৩

ঘ. অফিসের উর্ধ্বতন কর্মকর্তার উক্তিটি কি যথার্থ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১। ফারাবি সাহেব একজন ধর্মপরায়ণ ব্যক্তি। এলাকায় একটি মসজিদ নির্মাণের জন্য জায়গার প্রয়োজন হলো। সবাই মিলে একটি চমৎকার জায়গা নির্বাচন করল। জায়গাটি ফারাবি সাহেবের ফসল উৎপাদনের একমাত্র অবলম্বন। কিন্তু সবাই মিলে অনুরোধ করায় তিনি তা মসজিদের জন্য নিঃস্বার্থভাবে দিতে সম্মত হন। তার এ কাজে তার বড় ভাই ফাহাদ সাহেব অসন্তুষ্ট হন এবং উক্ত জায়গা দিতে প্রচণ্ডভাবে বাধা প্রদান করেন।

ক. যিলহজ মাসের কোন তারিখে আরাফায় অবস্থান করতে হয়? ১

খ. 'তাওয়াফে কুদুম' বলতে কী বোঝায়? ২

গ. ফারাবি সাহেবের কাজের মাধ্যমে ইবাদতের কোন শিক্ষাটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাহাদ সাহেবের কার্যক্রম হযরত ইবরাহিম ও ইসমাঈল (আ)-এর ঘটনার আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : 1 1 1

সময়—৩০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. "আমি তোমাকে মনোনীত করেছি, অতএব যা প্রত্যাদেশ হয় তা শুনতে থাক।" – উক্তিটি কার?
ক আল্লাহ তাআলার  খ হযরত মুসা (আ.)-এর
গ হযরত মুহাম্মদ (স.)-এর  ঘ হযরত ঈসা (আ.)-এর

২. কাকে দ্বিতীয় উমর বলা হয়?
ক হযরত আব্দুল্লাহ ইবন মাসউদ (রা.)-কে
খ হযরত সালমান ফারিসী (রা.)-কে
গ হযরত হুসাইন (রা.)-কে
ঘ হযরত উমর ইবন আব্দুল আযীয (রা.)-কে

৩. "নিশ্চয়ই আল্লাহ মানুষের প্রতি অতি স্নেহশীল, পরম দয়ালু" –উক্তিটি কোন সূরার?
ক আল বাকারা : ১৫০  খ আল ইমরান : ১৫০
গ আল বাকারা : ১৪৩  ঘ আল ইমরান : ১৪৩

৪. আল্লাহ তায়ালার বাণী, আদেশ নিষেধ মানুষের নিকট পৌছানোকে কী বলা হয়?
ক রিসালাত  খ রাসুল  গ নবুওয়াত  ঘ নবি

৫. "মুহাম্মদ তোমাদের মধ্যে কোনো পুরুষ লোকের পিতা নন। বরং তিনি তো আল্লাহর রাসুল ও সর্বশেষ নবি।' – উক্তিটি কোথায় রয়েছে?
ক হাদিসে  খ হাদিসে কুদসীতে
গ সূরা তাওবায়  ঘ সূরা আহযাবে

৬. জাহান্নামের স্তর মোট কয়টি?
ক ৫টি  খ ৭টি  গ ৮  ঘ ১০টি

৭. ইমানদার ব্যক্তির যে সৎ গুণটি থাকা প্রয়োজন—
i. ন্যায়পরায়ণতা
ii. সাম্য-মৈত্রী
iii. পরস্পর সহযোগিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও iii  খ i ও ii  গ ii ও iii  ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :
কিছুদিন পূর্বে শাফাআত নাজিমের নিকট একটি বই আমানত হিসেবে রাখে। শাফাআত বইটি ফেরত চাইলে নাজিম তা অস্বীকার করে। এ নিয়ে দুজনের মধ্যে বাকবিতণ্ডা হয়।

৮. নাজিমের কী করা উচিত ছিল?
ক বইটি ফেরত দেওয়ার জন্য সময় নেওয়া
খ বইটি হারিয়ে গেছে বলা
গ যথাসময়ে বইটি ফেরত দেওয়া
ঘ আমানত না রাখা

৯. শরীয়াতের দৃষ্টিতে নাজিমের কাজটি—
i. শিরক
ii. নিফাক
iii. অনৈতিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i, ii ও iii  গ i ও iii  ঘ ii ও iii

১০. আল্লাহ তাআলা আমাদেরকে কেন সৃষ্টি করেছেন?
ক আমোদ-ফূর্তি করার জন্য
খ ইবাদত করার জন্য
গ ধনসম্পদ ভোগ করার জন্য
ঘ সবগুলো সঠিক

১১. সাদিয়া বেগমের ব্যবহার্য কোন দ্রব্যের যাকাত দিতে হবে?
ক সোনা-রুপার অলংকার  খ ব্যবহার্য পরিধেয় বস্ত্র
গ ব্যবহার্য থালাবাসন  ঘ ব্যবহার্য পিতলের কলসি

১২. কাকে আল্লাহ তাআলা কিছুসংখ্যক শয়তান বশীভূত করে দিয়েছিলেন?
ক মহানবি (সা.)-কে  খ হযরত ইউসুফ (আ.)-কে
গ হযরত হারুন (আ.)-কে  ঘ হযরত সুলায়মান (আ.)-কে

১৩. কখন কুরবানি করতে হয়?
ক মহররম মাসে  খ রজব মাসে
গ রমযান মাসে  ঘ যিলহজ্জ মাসে

১৪. হজের ফরজ কয়টি?
ক দুটি  খ তিনটি  গ চারটি  ঘ পাঁচটি

১৫. হাজ্জের মাধ্যমে আমরা যে সামাজিক শিক্ষালাভ করি—
i. বিশ্ব মুসলিম ভ্রাতৃত্ববোধের স্বরূপ প্রকাশ পায়
ii. অর্থনৈতিক ভারসাম্য বজায় থাকে
iii. আল্লাহ হজ পালনকারীর গুনাহ মাফ করে দেন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

১৬. কুরআন শব্দের অর্থ পঠিত। কুরআনের এরূপ নামকরণের কারণ কী?
ক আল-কুরআন পৃথিবীতে সবচেয়ে বেশি পঠিত কিতাব
খ আল-কুরআন মনীষিগণ কর্তৃক পঠিত কিতাব
গ আল-কুরআন শিক্ষার্থীদের পঠিত কিতাব
ঘ আল-কুরআন সালাতে পঠিত হয়

১৭. তাজবিদ অনুসারে কুরআন না পড়লে—
ক পাঠকারী গুনাহগার হবে
খ পাঠকারী কম নেকি পাবে
গ পাঠকারী অর্ধেক নেকি পাবে
ঘ পাঠকারী জাহান্নামে নিপতিত হবে

১৮. রাবেয়ার আর্থিক দুরবস্থায় কে সাহায্য করতে চেয়েছিল?
ক আব্দুল ওয়াহিদ আমর খ মুহাদ্দিস সুফিয়ান সাত্তরি
গ মালিক বিন দিনার ঘ আসাদ বিন হাফিজ

১৯. কোনো ব্যক্তি যেদিন সকালে সূরা হাশরের শেষ তিন আয়াত তিলাওয়াত করবে, সেদিন সে মারা গেলে—
ক কবর আযাব মাফ হবে
খ শহিদের মৃত্যু লাভ করবে
গ মৃত্যুর কষ্ট থেকে রেহাই পাবে
ঘ বিনা হিসেবে জান্নাত লাভ করবে

২০. আদর্শ নীতির অনুসরণ অপরিহার্য কেন?
ক সমাজকে সুন্দর করতে
খ জীবনকে সুন্দর করতে
গ নিজেকে প্রতিষ্ঠা করতে
ঘ জীবন ও সমাজকে সুন্দর করতে

২১. আমরা বেশি বেশি কুরআন তিলাওয়াত করব, কারণ—
i. অধিক নেকি লাভের আশায়
ii. সর্বশ্রেষ্ঠ ইবাদত হওয়ায়
iii. কিয়ামতের দিন সুপারিশের আশায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :
হাসান ও হোসেন দু ভাই। হাসান শুদ্ধভাবে কুরআন তিলাওয়াত করতে পারে না, কিন্তু সে কুরআন তিলাওয়াত শিখতে আগ্রহী।

২২. হোসেন দেখে দেখে কুরাআন মাজিদ পড়ে। দেখে দেখে পড়াকে কী বলা হয়?
ক সহিহ তিলাওয়াত খ নাযিরা তিলাওয়াত
গ কারিআনা তিলাওয়াত ঘ হাফেজি তিলাওয়াত

২৩. হাসান ও হোসেন যেভাবে কুরআন তিলাওয়াত করবে—
i. তাজবিদ সহকারে
ii. সুললিত কণ্ঠে
iii. দেখে দেখে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৪. আখলাক শব্দের অর্থ কী?
ক চরিত্র খ প্রশংসা গ ক্রোধ ঘ ধৈর্য

২৫. ধৈর্যের অনুশীলন ছাড়া মানুষ ব্যক্তিগত ও সমষ্টিগত জীবনে কোনটি করতে পারে না?
ক মিথ্যাচার খ সদাচার
গ উন্নয়ন ঘ সফলতা অর্জন

২৬. "দেশপ্রেম ইমানের অঙ্গ"। — উক্তিটি কার?
ক আল্লাহ তাআলার খ রাসুলুল্লাহ (সা.)-এর
গ জ্ঞানীদের ঘ মুমিনদের

২৭. কারা দুনিয়া ও আখিরাতে ঘৃণিত?
ক অহংকারীরা খ সত্যবাদীরা
গ মুমিনগণ ঘ পরহেযগারগণ

২৮. সন্ত্রাস শব্দের অর্থ—
ক ভয়ভীতি খ অতিশয় ত্রাস
গ ভয় ঘ আতঙ্ক

২৯. পরমত বলতে বোঝায়—
i. অপরের ধর্মীয় মত, পথ বা আদর্শ
ii. অপরের আদর্শিক মত, পথ বা আদর্শ
iii. অপরের রাজনৈতিক মত, পথ বা আদর্শ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩০ থেকে ৩২ নং প্রশ্নের উত্তর দাও :
আবু ফাতাহ একজন চাকরিজীবী। তার অফিসের সহকর্মীরা অবৈধ উপায়ে অনেক সম্পদের মালিক। কিন্তু তিনি অবৈধ পথে না গিয়ে বাড়তি উপার্জনের জন্য রাত জেগে বই লেখেন।

৩০. আবুল ফাতাহ-এর হালাল উপার্জনের জন্য এরূপ প্রচেষ্টা—
ক নফল খ সুন্নাত গ ওয়াজিব ঘ ফরজ

## উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd.com